## ৫ম উপজেলা পরিষদের শাহরাস্তি উপজেলায় 'জুন-২০২২' মাস ও ৩৯তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

তারিখ : ২০.০৬.২০২২ খ্রিঃ সকাল- ১০.৩০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, শাহরাস্তি, চাঁদপুর।
সভাপতি : জনাব নাসরিন জাহান চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাহরাস্তি, চাঁদপুর।

সভায় উপস্থিত সদস্য/সদস্যাগণের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য

জনাব নাসরিন জাহান চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাহরাস্তি, চাঁদপুর এর সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে মহান আল্লাহ দরবারে শুকরিয়া জ্ঞাপন করা হয়। তিনি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান এবং অত্র উপজেলার সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় ও পাঠকৃত বিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে কোনরূপ পরিবর্তন বা সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর নিম্নরূপ বিভাগ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শাহরাস্তি সভায় বলেন যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কোভিড-১৯ টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। ইতিমধ্যে কোভিড-১৯ ভ্যাকসিন এর ১ম ডোজ ও ২য় ডোজের পাশাপাশি বুস্টার ডোজ টিকাও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়মিত দেয়া হচ্ছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পর্যাপ্ত টিকা মুজদ রয়েছে। রেজিস্ট্রেশনের মাধ্যমে টিকা প্রদান কর্মসূচি বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। এ ছাড়াও করোনা ভাইরাস সংক্রামণের শুরু থেকে সংসদ সদস্য মহোদয়ের সাহায্য সহযোগিতায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভালো চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়মিত চিকিৎসা সেবা প্রদান এবং কোভিড-১৯ টিকা সুষ্ঠুভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শাহরাস্তিকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শাহরাস্তি। |
| ২. | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগঃ<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শাহরাস্তি সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার আওতায় টি.আর, কাবিখা, কাবিটা, অতি দরিদ্রের জন্য ৪০দিনের কর্মসূচি (ইজিপিপি) এর আওতায় প্রাপ্ত ২য় কিস্তি বরাদ্দ অনুযায়ী অনুমোদিত প্রকল্পের সমূহের কাজ বাস্তবায়ন করা হয়েছে। তাছাড়া গ্রামীণ অবকাঠামো সংস্কার আওতায় টি.আর, কাবিখা, কাবিটা প্রকল্পের নির্বাচনী ও উপজেলা পরিষদে ২য় কিস্তি বরাদ্দও পাওয়া গেছে। ২য় কিস্তিতে অনুমোদিত প্রকল্প সমূহের কাজ চলমান রয়েছে। আগামী মে ২০২২ মাসের মধ্যে সকল প্রকল্প কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়ন করা যাবে। | বিস্তারিত আলোচনার পর ২০২১-২০২২অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার আওতায় টি.আর, কাবিখা, কাবিটা এবং অতি দরিদ্রের জন্য ৪০দিনের কর্মসূচি (ইজিপিপি) এর নির্বাচনী ও উপজেলা পরিষদ এর অনুকূলে ২য় কিস্তির প্রাপ্ত বরাদ্দের অনুকূলে অনুমোদিত অগ্রাধিকার প্রকল্প সমূহের বাস্তবায়ন কাজ দ্রুত সম্পন্ন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শাহরাস্তিকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা শাহরাস্তি। |
| ৩. | উপজেলা কৃষি বিভাগঃ<br>উপজেলা কৃষি কর্মকর্তা, শাহরাস্তি সভায় বলেন যে, ২০২১-২০২২ অর্থবছরে খরিপ-১/২০২২-২০২৩ মৌসুমে শাহরাস্তি উপজেলায় আউশ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রান্তিক পর্যায়ে ক্ষুদ্র কৃষকদের মাঝে কৃষি প্রনোদনা হিসেবে বিনামূল্যে সার ও বীজ বিতরণের জন্য বরাদ্দ পাওয়া গেছে। কৃষি প্রনোদনা হিসেবে অত্র উপজেলার ১৭০০জন কৃষককে মোট- ৮৫০০ কেজি উচ্চ ফলনশীল (ব্রিধান-৪৮, বিধান-৮৫, ব্রিধান-৮২, বিনা ধান-১৯ ও বিনা ধান-২১) ধান বীজ, ডিএপি সার- ৩৪০০০ কেজি, এমওপি সার- ১৭০০০ কেজি বিতরণ করা হবে। প্রত্যেক কৃষককে আউশ ধানের বীজ-০৫ কেজি ডিএপি সার-২০ কেজি, এমওপি সার-১০ কেজি সার বিতরণ করা হবে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। তাছাড়া বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিস্তারিত আলোচনার পর শাহরাস্তি উপজেলায় প্রান্তিক পর্যায়ে ক্ষুদ্র ও অসহায় কৃষকদের মাঝে আউশ ধানের বীজ ও সার বিতরণ করার জন্য অগ্রাধিকার তালিকা প্রেরনের জন্য সকল ইউপি চেয়ারম্যান, শাহরাস্তিকে অনুরোধ করা হয় এবং প্রান্তিক পর্যায়ে কৃষকদের চাহিদার ভিত্তিতে কৃষি পরামর্শ প্রদান ও সার্বিক তদারকির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, শাহরাস্তিকে অনুরোধ করা হয়। | সকল ইউপি চেয়ারম্যান, শাহরাস্তি।<br>উপজেলা কৃষি কর্মকর্তা, শাহরাস্তি |
| ৪. | স্থানীয় সরকার প্রকৌশল (এলজিইডি) বিভাগঃ<br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শাহরাস্তি সভায় বলেন যে, ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় অনুমোদিত প্রকল্প সমূহের ১০০ ভাগ প্রকল্প দরপত্রের মাধ্যমে বাস্তবায়ন কাজ সম্পন্ন হয়েছে। তাছাড়া বিভাগীয় অন্যান্য কর্মকান্ড সুষ্ঠুভাবে সম্পন্ন করা হচ্ছে। | (৫.ক) ২০২১-২০২২অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় অনুমোদিত প্রকল্প সমূহের বাস্তবায়ন সম্পর্কিত স্থানীয় সরকার বিভাগে প্রতিবেদন প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শাহরাস্তিকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শাহরাস্তি। |
| ৫. | উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, শাহরাস্তি সভায় বলেন যে, প্রাণি সম্পদ বিভাগের আওতায় প্রাণি সম্পদ প্রদর্শনী সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। স্থানীয় | (ক) বিস্তারিত আলোচনার পর প্রাণি সম্পদ বিভাগের বিভাগীয় কর্মকান্ড সুষ্ঠুভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় | উপজেলা প্রাণি |

| | | | |
|---|---|---|---|
| | জন করে নিয়মিতভাবে বসানো হচ্ছে। | | |
| ৯. | <u>পল্লী বিদ্যুৎ বিভাগ, শাহরাস্তিঃ</u><br>ডিজিএম, চাঁদপুর-১ পল্লী বিদ্যুৎ সমিতি, শাহরাস্তি সভায় জানান যে, অত্র উপজেলায় ০২টি সাব স্টেশন কালিয়াপাড়া ও আয়নাতলী এর মাধ্যমে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের কাজ চলমান রয়েছে। প্রাকৃতিক দুর্যোগে বিভিন্ন সময়ে গাছ-গাছালি পড়ে পল্লী বিদ্যুৎ এর লাইন ক্ষতিগ্রস্থ হয় বিধায় এখন সপ্তাহের একটি নির্দিষ্ট সময়ে বিদ্যুৎ সরবরাহ বন্ধ রেখে গাছ-গাছালি পরিস্কার করা হয়। | বিস্তারিত আলোচনার পর বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠূভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ডিজিএম, চাঁদপুর-১ পল্লী বিদ্যুৎ সমিতি, শাহরাস্তিকে অনুরোধ করা হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, শাহরাস্তি জোনাল অফিস। |
| ১০. | <u>উপজেলা সমাজসেবা বিভাগঃ</u><br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শাহরাস্তি সভায় বলেন যে, শাহরাস্তি উপজেলায় ২০২১-২০২২ অর্থবছরে উপজেলা সমাজসেবা বিভাগের আওতায় ৩৮ ধরনের ভাতার অনলাইন কার্যক্রম চলমান রয়েছে। সকল ভাতাভোগীদের ভাতাদি তাদের নিজ নিজ ব্যাংক হিসাবে অনলাইনে পে-রুল করা হয়। তিনি আরো জানান যে, অত্র উপজেলায় রোগী কল্যাণ সমিতির আওতায় প্রায়- ২.০০ লক্ষ টাকা ব্যাংক হিসাবে সংরক্ষিত রয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তিরত অসহায় রোগীদের রোগী কল্যান সমিতির মাধ্যমে সহায়তা প্রদান করা যাবে। এ বিষয়ে ব্যাপক প্রচারের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের দৃস্টি আকর্ষণ করা হয়। | (১০.ক) অত্র উপজেলায় বীর মুক্তিযোদ্ধাগণের ভাতা প্রদান ও আবাসন নির্মাণ কার্যক্রম, বিধবা, বয়স্ক, শিক্ষা ভাতা, প্রতিবন্ধী ইত্যাদি সকল ভাতাদি কার্যক্রম অনলাইনে নগদ একাউন্টের মাধ্যমে বিতরণ কাজ চলমান রাখাসহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শাহরাস্তি কে অনুরোধ করা হয়।<br><br>(১০.খ) শাহরাস্তি উপজেলা সমাজ সেবা বিভাগের আওতাধীন রোগী কল্যাণ সমিতির তহবিল হতে অসহায় হতদরিদ্র দু:স্থ রোগীদের আর্থিক সহযোগিতা প্রদানের বিষয়টি ইউপি পর্যায়ে ব্যপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জণ্য সকল ইউপি চেয়ারম্যান, শাহরাস্তিকে অনুরোধ করা হয়। | সকল ইউপি চেয়ারম্যান শাহরাস্তি।<br><br>উপজেলা সমাজসেবা অফিসার, শাহরাস্তি, চাঁদপুর।<br><br>সকল ইউপি চেয়ারম্যান শাহরাস্তি। |
| ১১. | **<u>বিবিধ-০১</u>**<br>শাহরাস্তি উপজেলা পরিষদ কমপ্লেক্সের ভিতরে অবস্থিত চেয়ারম্যান কোয়ার্টার (চেয়ারম্যান অফিস কার্যালয়), অডিটরিয়াম কক্ষ (উপজেলা পরিষদ মিলনায়তন), উপজেলা নির্বাহী অফিসারের গোপনীয় কার্যালয়, উপজেলা পরিষদ কমপ্লেক্স শিশু পার্ক, উপজেলা পরিষদ কমপ্লেক্স কেন্দ্রীয় মিটার ও উপজেলা পরিষদ কমপ্লেক্স এর বিদ্যুৎ বিল জুলাই-২০২১ হতে জুন-২০২২ পর্যন্ত ১২(বার) মাসের বিল চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, শাহরাস্তি জোনাল অফিস দাখিল করেন। তাছাড়া সহকারী প্রকৌশলী, বিটিসিএল, শাহরাস্তি, চাঁদপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয় ও উপজেলা কল সেন্টার এর টেলিফোন বিল পরিশোধ করার জন্য দাখিল করেন। বর্ণিত বিল সমূহ পরিশোধের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ক) বিস্তারিত আলোচনা পর শাহরাস্তি উপজেলা পরিষদ কমপ্লেক্সের ভিতরে অবস্থিত চেয়ারম্যান কোয়ার্টার (চেয়ারম্যান অফিস কার্যালয়), অডিটরিয়াম কক্ষ (উপজেলা পরিষদ মিলনায়তন), উপজেলা নির্বাহী অফিসারের গোপনীয় কার্যালয়, উপজেলা পরিষদ কমপ্লেক্স শিশু পার্ক, উপজেলা পরিষদ কমপ্লেক্স কেন্দ্রীয় মিটার ও উপজেলা পরিষদ কমপ্লেক্স এর বিদ্যুৎ বিল জুলাই-২০২১ হতে জুন-২০২২ পর্যন্ত ১২(বার) মাসের বিল চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, শাহরাস্তি জোনাল অফি কে বিদ্যুৎ বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি।<br><br>চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী |

| | | | |
|---|---|---|---|
| | | খ) সহকারী প্রকৌশলী, বিটিসিএল, শাহরাস্তি, চাঁদপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয় ও উপজেলা কল সেন্টার এর টেলিফোন বিল পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার, শাহরাস্তি। |
| | উপজেলা পরিষদ কমপ্লেক্সের ভিতরে অবস্থিত ভবনসমূহের ২০২০-২০২১ অর্থবছরে পৌরকর পরিশোধ করা হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক পৌরকর = ৮,০৬,২৪৮/- (আট লক্ষ ছয় হাজার দুইশত আটচল্লিশ) টাকা পরিশোধ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | গ) উপজেলা পরিষদ কমপ্লেক্সের ভিতরে অবস্থিত ভবনসমূহের ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক পৌরকর = ৮,০৬,২৪৮/- (আট লক্ষ ছয় হাজার দুইশত আটচল্লিশ) টাকা মেয়র, শাহরাস্তি পৌরসভা, চাঁদপুর অনুকূলে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি। |
| | **বিবিধ-০২**<br>উপজেলা পরিষদ ম্যানুয়েল নির্দেশিকা এ অষ্টম অধ্যায়ের প্রদেয় ভবিষ্য তহবিল ও আনুতোষিক ৪৭ এর (২) ও (৩) ধারা মোতাবেক উপজেলা পরিষদ কর্মচারীগণের ভবিষ্য তহবিল কর্তন করে নির্দিষ্ট হিসাব খোলার মাধ্যমে কর্তনকৃত টাকা জমা দেয়ার বিধান রয়েছে। কর্মচারীগণ প্রতি মাসে তার বেতন হতে নুন্যতম ১০% কর্তন পূর্বক অথবা এর উর্দ্ধে যে কোন পরিমানে অর্থ রাখবে এবং উপজেলা পরিষদ প্রতি মাসে ইহার নিজস্ব তহবিল হতে প্রত্যেক চাঁদা প্রদানকারীর মূল বেতনের ১০% এর সমপরিমান টাকা চাঁদা তহবিলে প্রদান করার বিধান রয়েছে। বর্ণিত নির্দেশনা আলোকে উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ের ০৪(চার) জন কর্মচারীর মধ্যে (১) জনাব মোঃ সাহাব উদ্দিন, সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর (২) জনাব মোঃ মিজানুর রহমান, জীপগাড়ী চালক (৩) জনাব পংকজ মজুমদার, অফিস সহায়ক (৪) জনাব মোঃ আবু বকর সিদ্দিক, অফিস সহায়ক এর জুন-২০২১ পর্যন্ত উপজেলা পরিষদ কর্তৃক প্রত্যেক চাঁদা প্রদানকারী কর্মচারী সাধারণ ভবিষ্য তহবিল ও আনুতোষিক বাবদ মূল বেতনের ১০% সমপরিমান চাঁদা জমা করা হয়েছে। উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ের ০৪(চার) জন কর্মচারীর জুলাই-২০২১ হতে জুন-২০২২ পর্যন্ত ১২(বার) মাসের বকেয়া সাধারণ ভবিষ্য তহবিল ও আনুতোষিক বাবদ মূল বেতনের ১০% সমপরিমান চাঁদা জমা করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনার পর উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ের ০৪(চার) জন কর্মচারীর মধ্যে (১) জনাব মোঃ সাহাব উদ্দিন, সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর (২) জনাব মোঃ মিজানুর রহমান, জীপগাড়ী চালক (৩) জনাব পংকজ মজুমদার, অফিস সহায়ক (৪) জনাব মোঃ আবু বকর সিদ্দিক, অফিস সহায়ক এর জুলাই-২০২১ হতে জুন-২০২২ পর্যন্ত ১২(বার) মাসের বকেয়া সাধারণ ভবিষ্য তহবিল ও আনুতোষিক বাবদ মূল বেতনের ১০% সমপরিমান চাঁদা জমা করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি। |
| | **বিবিধ-০৩**<br>শাহরাস্তি উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়ের আওতায়ধীন ১০টি ইউপিতে হাট-বাজার সমূহের ১৪২৯ বঙ্গাব্দ ইজারা বিজ্ঞপ্তি দৈনিক আমাদের কুমিল্লা পত্রিকায় প্রকাশিত হয়। উক্ত বিজ্ঞপ্তি প্রকাশনার বিজ্ঞাপন ব্যয় বিল পাওয়ার জন্য সম্পাদক, আমাদের কুমিল্লা আবেদন করেন। ১৪২৯ বঙ্গাব্দের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি বাবদ মোট বিল- ১৪,২৩১/- টাকা পরিশোধের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) বিস্তারিত আলোচনা পর শাহরাস্তি উপজেলার আওতায়ধীন ১০টি ইউপিতে হাট-বাজার সমূহের ১৪২৯ বঙ্গাব্দ ইজারা বিজ্ঞপ্তি দৈনিক আমাদের কুমিল্লা পত্রিকায় প্রকাশনার বিজ্ঞাপন ব্যয় বিল-১৪,২৩১/- (চৌদ্দ হাজার দুইশত একত্রিশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ 'ট' বিদ্যুৎ/ টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, পৌরকর ইত্যাদি খাতে ব্যয় পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি। |
| | পৌর ও মেহের দক্ষিণ ইউনিয়ন ভূমি অফিস, শাহরাস্তি, চাঁদপুর কার্যালয়ের স্মারক নং-৭০; তারিখ- ১৯ জুন ২০২২খ্রি. তারিখ মূলে ২০২১-২০২২ অর্থবছরে উপজেলা পরিষদ কমপ্লেক্স, শাহরাস্তি, চাঁদপুর এর ৬০নং নিজমেহার মৌজায়, বিএস দাগ নং-৪১৪২, ৫০০১, ৮০৬৮, ৮০৬৯, ৮০৭০, ৮০৭২, ৮০৭৩, ৮০৭৪, ৮০৭৬, ৮০৭৮, ৯০৯৪ এ মোট ভূমির পরিমাণ- ৫.৯৯০ একর এর উপর ভূমি উন্নয়ন কর হিসেবে হাল দাবী মোট- ১৩,৭৫৫/-(তের হাজার ছয়শত সত্তর) টাকা পরিশোধের নিমিত্ত পত্র পাওয়া গেছে। উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর পরিশোধের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (খ) উপজেলা পরিষদ কমপ্লেক্স, শাহরাস্তি, চাঁদপুর এর ৬০নং নিজমেহার মৌজায়, বিএস দাগ নং-৪১৪২, ৫০০১, ৮০৬৮, ৮০৬৯, ৮০৭০, ৮০৭২, ৮০৭৩, ৮০৭৪, ৮০৭৬, ৮০৭৮, ৯০৯৪ এ মোট ভূমির পরিমাণ- ৫.৯৯০ একর এর উপর ভূমি উন্নয়ন কর হিসেবে হাল দাবী মোট- ১৩,৭৫৫/-(তের হাজার ছয়শত সত্তর) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ 'ট' বিদ্যুৎ/ টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, পৌরকর ইত্যাদি খাতে ব্যয় পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি। |
| | উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি এর কার্যালয় এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ে প্রতিদিন দৈনিক সংবাদ পত্র সরবরাহ করা হয়। পত্রিকা সরবরাহের জুলাই-২০২১খ্রিঃ হতে জুন-২০২২খ্রিঃ পর্যন্ত বিল বাবদ | (গ) উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি এর কার্যালয় এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ে প্রতিদিন দৈনিক সংবাদ পত্র সরবরাহ করা হয়। পত্রিকা সরবরাহের জুলাই-২০২১খ্রিঃ হতে জুন-২০২২খ্রিঃ পর্যন্ত বিল মোট- | চেয়ারম্যান উপজেলা |

| | | | |
|---|---|---|---|
| | সিদ্ধান্ত গ্রহনের নির্দেশনা পাওয়া গেছে। সে প্রেক্ষিতে ২০২১-২০২২ অর্থবছরে অত্র উপজেলা পরিষদের জীপগাড়ী ঘ-১১-০০২৩ এর জ্বালানী বিল পশোধের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | শাহরাস্তি। |
| | **বিবিধ: ০৫:**<br><br>উপজেলা বন কর্মকর্তা, শাহরাস্তি সভায় জানান যে, শাহরাস্তি উপজেলা পরিষদ কমপ্লেক্সের ভিতরে অবস্থিত বিভিন্ন ভবন, বাসা-বাড়ি এবং পুকুরের চারপাশে সাম্প্রতিক সময়ে ঝড়ে বৃষ্টিতে ভেঙ্গে পড়া ও মৃত বিভিন্ন প্রজাতির প্রায়- ৬৪ (চৌষট্টি) গাছ দ্রুত কর্তনপূর্বক অপসারণ করা প্রয়োজন। বর্ণিত গাছগুলোর কারণে অফিস ভবন, সীমানা প্রাচীর ও পুকুরপাড় খুবই ঝুঁকিপূর্ণ অবস্থায় আছে। এ বিষয়ে উপজেলা পরিষদ কমপ্লেক্স চত্বর সরেজমিনে তদন্ত করে উপজেলা বন বিভাগ হতে একটি প্রতিবেদন ও প্রাক্কলন জমা দেয়া হয়েছে। উক্ত মৃত গাছ সমূহ অপসারণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনার পর সভায় উপস্থাপিত উপজেলা পরিষদ কমপ্লেক্সের ভিতরে অবস্থিত ঝড়ে ভেঙ্গেপড়া ও মৃত ৬৪ (চৌষট্টি) গাছ কর্তনপূর্বক দ্রুত অপসারণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি। |
| | **বিবিধ: ০৬:**<br><br><u>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)</u>ঃ<br><br>উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ অর্থবছরের প্রশিক্ষণ উপ-প্রকল্পের বিল ভাউচার প্রস্তুতপূর্বক প্রকল্প কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>তিনি সভায় আরো জানান যে, ২০২০-২০২১ অর্থবছরের ৫ম পর্যায়ে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়নের জন্য বিগত মার্চ ২০২২ খ্রি: মাসে ১০.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ মোতাবেক প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়নের জন্য কোর্স-কো-অডিনেটর হিসেবে উপজেলার বিভিন্ন দপ্তর/বিভাগের কর্মকর্তাগণের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলে। কর্মকর্তাগণ জানান যে, ইউডিএফ তাদের সাথে কোনরূপ যোগাযোগ করছেন না এবং প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়নে কোন ধরনের সহযোগিতা করছেন না। ইউডিএফ, শাহরাস্তিকে বারবার তাগিদ দেয়া সত্ত্বেও তিনি প্রশিক্ষণ কর্মসূচি আরম্ভ করেননি। তিনি কচুয়া উপজেলার মূল দায়িত্বে এবং শাহরাস্তি উপজেলায় অতিরিক্ত দায়িত্বে কর্মরত আছেন বিধায় শাহরাস্তি উপজেলায় নিয়মিত উপস্থিত থাকেন না। তাছাড়া ২০১৯-২০২০ অর্থবছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প এর ০২নং প্রকল্প বিভিন্ন বাজারে টয়লেট নির্মাণ কাজ অদ্যবধি সম্পন্ন করা হয়নি। প্রকল্প কাজ সমাপ্ত করার | (ক) সভায় উপস্থাপিত ২০২০-২০২১ অর্থবছরের ৫ম পর্যায়ে সক্ষমতাবৃদ্ধিমূলক ০৬(ছয়)টি উপ-প্রকল্পের প্রশিক্ষণ সমূহ দ্রুত বাস্তবায়নের নিমিত্ত কোর্স-কো-অডিনেটর হিসেবে নিয়োজিত বিভিন্ন দপ্তর/বিভাগের কর্মকর্তাদের সাথে আলোচনা করে প্রশিক্ষণ কর্মসূচি সম্পন্ন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ইউডিএফ, শাহরাস্তিকে অনুরোধ জানানো হয়।<br><br>(খ) ২০১৯-২০২০ অর্থবছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প এর ০২নং প্রকল্প বিভিন্ন বাজারে টয়লেট নির্মাণ কাজ এবং ২০২০-২০২১ অর্থবছরের ৫ম পর্যায়ে অত্র উপজেলায় অবকাঠামো উন্নয়ন প্রকল্প হিসেবে ০৪টি শিক্ষা প্রতিষ্ঠানে 'বঙ্গবন্ধু ডিজিটাল ল্যাব' স্থাপন কাজ দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ইউডিএফ, শাহরাস্তিকে অনুরোধ জানানো হয়। সপ্তাহে অন্তত দুই দিন শাহরাস্তিতে অফিস করার জন্য ইউডিএফ শাহরাস্তিকে অনুরোধ জানানো হয়।<br><br>(গ) বিস্তারিত আলোচনার পর উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতাধীন ২০২০-২০২১ | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি।<br><br>ইউডিএফ, শাহরাস্তি।<br><br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শাহরাস্তি। |

| | | | |
|---|---|---|---|
| | বিষয়ে ঠিকাদারী প্রতিষ্ঠান বা স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, শাহরাস্তিকে তাগিদ দিচ্ছে না। ২০২০-২০২১ অর্থবছরের ৫ম পর্যায়ে অত্র উপজেলায় অবকাঠামো উন্নয়ন প্রকল্প হিসেবে ০৪টি শিক্ষা প্রতিষ্ঠানে 'বঙ্গবন্ধু ডিজিটাল ল্যাব' স্থাপনের জন্য দরপত্র আহবান করা হয়েছে। কিন্তু দীর্ঘ সময় অতিবাহিত হওয়ার পরও ডিজিটাল ল্যাব স্থাপন কাজটি আরম্ভ হয়নি। ফলে শাহরাস্তি উপজেলা পরিষদ বর্ণিত প্রকল্পের কর্মকান্ডে পিছিয়ে পড়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | অর্থবছরের ৫ম পর্যায়ে শাহরাস্তি উপজেলার ০৪টি শিক্ষা প্রতিষ্ঠানে 'বঙ্গবন্ধু ডিজিটাল ল্যাব' স্থাপনের কাজ দ্রুত আরম্ভ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্ত সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানকে তাগিদপত্র প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শাহরাস্তিকে অনুরোধ করা হয়।<br><br>(ঘ) বর্ণিত ঠিকাদারী প্রতিষ্ঠান কার্যাদেশ গ্রহন ও প্রকল্পের কাজ আরম্ভ না করলে সরকারি বিধি মোতাবেক দরপত্র বাতিলপূর্বক পুনরায় দরপত্র আহবান করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি। |

সভাপতি সকল বিভাগের বিভাগীয় কর্মকান্ড যথাযথভাবে করন এবং অদ্যকার সভায় গৃহীত সকল সিদ্ধান্ত যথাযথ বাস্তবায়নের ব্যাপারে সকলকে পরামর্শ প্রদান করেন। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল বিভাগের কাজ সমন্বয় করে আন্তরিকতার সাথে সম্পন্ন করার জন্য উপস্থিত সকলকে পরামর্শ প্রদান করেন। সভাপতি কর্তৃক সভায় গৃহীত সকল সিদ্ধান্ত বাস্তবায়নের আশাবাদ ব্যক্ত করে ও উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

নাসরিন জাহান চৌধুরী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,শাহরাস্তি
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা কমিটি
শাহরাস্তি, চাঁদপুর।

স্মারক নং- ৪৬.৪২.১৩৯৫.০০০.২২.০০২.২২৬০১(৪০)

তারিখঃ ২০.০৬.২০২২ ।

<u>অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হ'ল :</u> (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬৪ নির্বাচনী এলাকা, বাংলাদেশ জাতীয় সংসদ, চাঁদপুর-৫।
২. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম।
৫. জেলা প্রশাসক, চাঁদপুর।
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, চাঁদপুর।

<u>অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ</u>

১. মেয়র, শাহরাস্তি পৌরসভা, শাহরাস্তি, চাঁদপুর।
২. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাহরাস্তি, চাঁদপুর।
৩. উপজেলা.........................................................................
৪. কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), শাহরাস্তি, চাঁদপুর।
৫. চেয়ারম্যান,........................................................ ইউনিয়ন, শাহরাস্তি, চাঁদপুর।
৬. জনাব..............................................................................
৭. অফিস কপি।

20/06/22
মোহাম্মদ হুমায়ন রশিদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
শাহরাস্তি, চাঁদপুর।